

জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ)  
ডিপ্লোমা ইন প্রাইমারি এডুকেশন (ডিপিএড) বোর্ড  
ময়মনসিংহ  
www.nape.gov.bd

## ডিপ্লোমা ইন প্রাইমারি এডুকেশন (ডিপিএড) প্রোগ্রামে ভর্তি বিজ্ঞপ্তি, ২০২৬

জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ) পরিচালিত “ডিপ্লোমা ইন প্রাইমারি এডুকেশন (ডিপিএড)” প্রোগ্রামে দেশের ১২টি পিটিআই (ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, রংপুর, সিলেট, বরিশাল, ময়মনসিংহ, যশোর, কুমিল্লা, জয়দেবপুর, দিনাজপুর ও বগুড়া)-এ জানুয়ারি-অক্টোবর ২০২৬ সেশনে ভর্তি কার্যক্রম শুরু হতে যাচ্ছে। এ প্রোগ্রামটির মেয়াদ হবে ১০ মাস। প্রোগ্রামটি অনাবাসিক এবং বৈকালিক ডিপিএড ভবিষ্যতে শিক্ষকতা, শিক্ষাবিষয়ক গবেষণায় অংশগ্রহণ এবং জাতীয় ও আন্তর্জাতিক উন্নয়ন সংস্থায় কাজ করার জন্য সহায়ক হতে পারে। অর্থাৎ শিক্ষা সংশ্লিষ্ট ক্যারিয়ার গঠনে অর্জিত ডিপ্লোমাটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। যোগ্য ও আগ্রহী প্রার্থীদের নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে আবেদন করার জন্য অনুরোধ করা হচ্ছে।

কোর্সের মেয়াদ	১০ মাস (২ সেমিস্টার)। ক্রেডিট : ৩৫
পিটিআইভিত্তিক আসন সংখ্যা	ঢাকা-৯০, চট্টগ্রাম-১৫০, রাজশাহী-১২০, রংপুর-১২০, সিলেট-৯০, বরিশাল-১২০, ময়মনসিংহ-১৫০, যশোর-১২০, কুমিল্লা-১২০, জয়দেবপুর-৯০, দিনাজপুর-১২০ ও বগুড়া-১২০

### ভর্তির যোগ্যতা :

- আবেদনকারীকে বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।
- কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা অধিভুক্ত কলেজ হতে ন্যূনতম দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ (৪ স্কেলে ন্যূনতম ২.২৫ ও ৫ স্কেলে ন্যূনতম ২.৮) স্নাতক বা স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি থাকতে হবে।
- শিক্ষাজীবনের কোনো স্তরে তৃতীয় বিভাগ/শ্রেণি অথবা সমমানের জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য নয়।
- বয়স : উন্মুক্ত

আবেদন শুরুর তারিখ	২৬ নভেম্বর ২০২৫, সকাল ১০ :৩০টা
আবেদনের শেষ সময়	১৯ ডিসেম্বর ২০২৫, রাত ১১ :৫৯টা
ভর্তি পরীক্ষার তারিখ ও সময়	২৪ ডিসেম্বর, ২০২৫ খ্রি. সকাল ১১ :০০ ঘটিকা
ভর্তি পরীক্ষার স্থান	আবেদনে উল্লিখিত সংশ্লিষ্ট পিটিআই
ভর্তি পরীক্ষার নম্বর, বিষয় ও পদ্ধতি	৫০ নম্বর, বহুনির্বাচনী (বাংলা, ইংরেজি, গণিত ও সাধারণ জ্ঞান) সময় : ৫০ মিনিট (মেধাক্রম অনুসারে শিক্ষার্থীদের ভর্তি করা হবে)
কোর্স ফি	ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীকে প্রতি সেমিস্টারে ৬০০০ টাকা (ছয় হাজার টাকা) হিসেবে ২ সেমিস্টারে মোট ১২০০০ টাকা (বারো হাজার টাকা) কোর্স ফি হিসেবে ডিপিএড বোর্ড, নেপ এর নির্ধারিত ব্যাংক একাউন্টে জমা দিতে হবে।
ক্লাস শুরু	১লা জানুয়ারি, ২০২৬


### অনলাইনে আবেদন পদ্ধতি :

- ১। অনলাইনে আবেদনের জন্য প্রার্থীকে <https://napeinfo.com/dped> এই লিংকে প্রবেশ করতে হবে। নির্দিষ্ট লিংক এ প্রবেশ করে আবেদন ফরম অপশনে ক্লিক করার পর একটি অনলাইন ফরম আসবে।
- ২। প্রার্থীকে এই অনলাইন ফরমে চাহিত তথ্যসমূহ যথাযথভাবে পূরণ করতে হবে।

- ৩। আবেদন ফরমের তারকা চিহ্নিত (\*) তথ্যসমূহ আবশ্যিকভাবে পূরণ করতে হবে।
- ৪। যথাযথভাবে ফরমটি পূরণের পর declaration চেক বক্সে ক্লিক করতে হবে। এরপর Next অপশনে ক্লিক করতে হবে।
- ৫। Next অপশনে ক্লিক করার পর একটি আলাদা পেইজ আসবে। এখানে প্রার্থীর পূরণ করা তথ্যগুলো দেখা যাবে।
- ৬। পেইজের নিচের দিকে Upload Photo and signature অংশে প্রার্থী তার স্ক্যানকৃত রসিদ ছবি (দৈর্ঘ্য 300 x প্রস্থ 300 pixel) এবং স্বাক্ষর (দৈর্ঘ্য 300 x প্রস্থ 80 pixel) আপলোড করবেন। এক্ষেত্রে Upload Photo এবং Upload Signature লিখা অপশনের পাশে Choose file বাটনে ক্লিক করে স্ক্যানকৃত ছবি ও স্বাক্ষর আপলোড করতে হবে।
- ৭। আপলোডকৃত ছবির আকার সর্বোচ্চ 100KB এবং স্বাক্ষরের আকার সর্বোচ্চ 60KB হতে হবে।
- ৮। তথ্যে কোনো সংশোধন প্রয়োজন হলে Change Needed? Click Here To Edit The Application অপশনে ক্লিক করে পুনরায় ফরম পেইজে যাওয়া যাবে এবং প্রয়োজনীয় সংশোধন করে ২-৫ নং ধাপগুলো পুনরায় অনুসরণ করতে হবে।
- ৯। সব তথ্য সঠিকভাবে পূরণ এবং ছবি ও স্বাক্ষর সফলভাবে আপলোড করার পর Submit Application বাটনে ক্লিক করতে হবে।
- ১০। Submit Application বাটনে ক্লিক করার পর একটি আলাদা পেইজে কনফার্মেশন মেসেজ আসবে। প্রার্থীর আবেদন ফরমে উল্লিখিত মোবাইল নম্বরেও কনফার্মেশন মেসেজটি পাবেন।
- ১১। কনফার্মেশন মেসেজে প্রার্থী একটি ইউজার আইডি ও পাসওয়ার্ডসহ আবেদন ফি জমা দেবার জন্য প্রয়োজনীয় নির্দেশনা পাবেন। এটি প্রার্থীকে যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। আবেদন ফি জমা দেবার জন্য এই ইউজার আইডি আবশ্যিক।
- ১২। কনফার্মেশন মেসেজ পাবার পর প্রার্থীকে ০১৭৩৭৮১৮০৯৯ এই বিকাশ নম্বরে ২০০ টাকা আবেদন ফি প্রদান করতে হবে। এক্ষেত্রে বিকাশের সেভ মানি অপশনে গিয়ে আবেদন ফি প্রদান করতে হবে এবং রেফারেন্সে অবশ্যই তার ইউজার আইডি লিখে দিতে হবে।
- ১৩। ভুল বা অসম্পূর্ণ আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।

### ভর্তি পরীক্ষার প্রবেশপত্র ডাউনলোড :

২০ ডিসেম্বর, ২০২৫ খ্রি. বিকাল ৪ :০০টার পর নির্ধারিত লিংক : <https://napeinfo.com/dped/admit> এ প্রবেশ করলে প্রবেশপত্র ডাউনলোড অপশন দেখা যাবে। এখানে প্রার্থী তার ইউজার আইডি ও পাসওয়ার্ড প্রদান করে ভর্তি পরীক্ষার প্রবেশপত্র ডাউনলোড করতে পারবেন।



শাহনাজ নুরুন নাহার

পরীক্ষা নিয়ন্ত্রক

ডিপ্লোমা ইন প্রাইমারি এডুকেশন (ডিপিএড) বোর্ড  
জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ), ময়মনসিংহ

\*\* এ প্রোগ্রাম সম্পর্কিত বিস্তারিত তথ্য নেপ-এর ওয়েবসাইটে আপলোডকৃত ডিপ্লোমা ইন প্রাইমারি এডুকেশন (ডিপিএড) নীতিমালা, ২০২৫ এ রয়েছে। উল্লেখ্য এ প্রোগ্রামটি সরকারি চাকরির কোন নিশ্চয়তা প্রদান করে না।